# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৩০৮

১৭/ ক্রয়-বিক্রয় ও ব্যাবসা-বাণিজ্য (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৩০৩. দেনা আদায়ের ব্যাপারে কড়াকড়ি করা।

## باب فِي التَّشْدِيدِ فِي الدَّيْنِ

আরবী

حَدَّثَنَا سَعِيدُ بْنُ مَنْصُورٍ، حَدَّثَنَا أَبُو الأَحْوَصِ، عَنْ سَعِيدِ بْنِ مَسْرُوقٍ، عَنِ الشَّعْبِيِّ، عَنْ سَمْعَانَ، عَنْ سَمُرَةَ، قَالَ خَطَبَنَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَ " هَا هُنَا أَحَدٌ مِنْ بَنِي فُلاَنٍ " . فَلَمْ يُجِبْهُ أَحَدٌ ثُمَّ قَالَ " هَا هُنَا أَحَدٌ مِنْ بَنِي فُلاَنٍ " . فَلَمْ يُجِبْهُ أَحَدٌ ثُمَّ قَالَ " هَا هُنَا أَحَدٌ مِنْ بَنِي فُلاَنٍ " . فَقَامَ رَجُلٌ فَقَالَ أَنَا يَا رَسُولَ اللَّهِ . فَقَالَ صلى الله عليه وسلم " مَا مَنَعَكَ أَنْ تُجِيبَنِي فِي الْمَرَّتَيْنِ الأُولَيَيْنِ أَمَا إِنِّي لَمْ أُنَوِّهْ بِكُمْ إِلاَّ خَيْرًا إِنَّ صَاحِبَكُمْ مَأْسُورٌ بِدَيْنِهِ " . فَلَقَدْ رَأَيْتُهُ أَدَّى عَنْهُ حَتَّى مَا بَقِيَ أَحَدٌ يَطْلُبُهُ بِشَىْءٍ .

বাংলা

৩৩০৮. সা’ঈদ ইবন মানসূর (রহঃ) ...... সামুরা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের উদ্দেশ্যে খুতবা দেওয়ার সময় জিজ্ঞাসা করেনঃ অমুক গোত্রের কোন লোক এখানে আছে কি? এতে কেউ সাড়া দিল না। তখন তিনি আবার জিজ্ঞাসা করেনঃ এখানে অমুক গোত্রের কোন লোক আছে কি? কিন্তু এবারও কেউ সাড়া দিল না। পুনরায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিজ্ঞাসা করলেনঃ অমুক গোত্রের কোন লোক এখানে আছে কি?

তখন এক ব্যক্তি দাঁড়িয়ে বললোঃ ইয়া রাসূলাল্লাহ! আমি উপস্থিত আছি। তখন তিনি তাকে জিজ্ঞাসা করলেনঃ প্রথম দু’দফায় তুমি আমার ডাকে কেন সাড়া দেওনি। জেনে রাখ! আমি তো তোমাদের কল্যাণ কামনা করি। তোমাদের অমুক ব্যক্তি দেনার দায়ে আটক আছে, অর্থাৎ সে জান্নাতে প্রবেশ করতে পারছে না। সামুরা (রাঃ) বলেনঃ তখন আমি তাকে মৃত ব্যক্তির পক্ষে দেনা পরিশোধ করতে দেখি। যার পর আর কেউ তার কাছে আর কোন পাওনা চাইতে আসেনি।

## English

Narrated Samurah:

The Messenger of Allah (ﷺ) addressed us and said: Is here any one of such and such tribe present? But no one replied.

He again asked: Is here any one of such and such tribe present? But no one replied.

He again asked: Is here any one of such and such tribe?

Then a man stood and said: I am (here), Messenger of Allah.

He said: What prevented you from replying the first two times? I wish to tell you something good.

Your companion has been detained (from entering Paradise) on account of his debt. Then I saw him that he paid off all his debt on his behalf and there remained no one to demand from him anything.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ সামুরাহ ইবনু জুনদুব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=35415

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন